

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ১৭৮২

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ প্রতিবেশীর অধিকার এবং তার সাথে সম্বন্ধবহার করার গুরুত্ব

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ قَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ أَكْبَرُ عِنْدَ اللَّهِ قَالَ أَنْ تَدْعُوا لِلَّهِ نِدًا وَهُوَ خَلَقَكَ قَالَ ثُمَّ أَكْبَرُ قَالَ أَنْ تَقْتُلَ وَلَدَكَ مَخَافَةً أَنْ يَطْعَمَ مَعَكَ قَالَ ثُمَّ أَكْبَرُ قَالَ أَنْ تُزَانِي حَلِيلَةَ جَارِكَ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ تَصْدِيقَهَا (وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يُلْقَ أَثَاماً)

বাংলা

(১৭৮২) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বলেন, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলাম, 'আল্লাহর নিকট সবচেয়ে বড় পাপ কী?' উত্তরে তিনি বললেন, এই যে, তুমি তাঁর কোন শরীক নির্ধারণ কর -অর্থাৎ তিনিই তোমাকে সৃষ্টি করেছেন। আমি বললাম, 'এটা তো বিরাট! অতঃপর কোন পাপ?' তিনি বললেন, এই যে, তোমার সাথে খাবে -এই ভয়ে তোমার নিজ সত্তানকে হত্যা করা। আমি বললাম, 'অতঃপর কোন পাপ?' তিনি বললেন, "প্রতিবেশীর স্ত্রীর সাথে তোমার ব্যভিচার করা।" আর এ ব্যাপারে অবতীর্ণ হয়েছে,

وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُونَ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يُلْقَ أَثَاماً  
أَثَاماً يُضَاعِفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدُ فِيهِ مُهَاجِنًا

অর্থাৎ, (আল্লাহর বান্দারা) আল্লাহর সঙ্গে কোন উপাস্যকে অংশী করে না, আল্লাহ যাকে যথার্থ কারণ ব্যতিরেকে হত্যা নিষেধ করেছেন তাকে হত্যা করে না এবং ব্যভিচার করে না। যারা এ সব করে তারা শান্তি ভোগ করবে। কিয়ামতের দিন ওদের আয়াব বর্ধিত করা হবে এবং সেখানে তারা হীন অবস্থায় স্থায়ী হবে।

ফুটনোট

(সূরা ফুরকান ৬৮-৬৯) (বুখারী ৪৪৭৭, ৭৫৩২ প্রভৃতি, মুসলিম ২৬৭-২৬৮, তিরমিয়ী, নাসাই)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65530>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন